গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বিরল, দিনাজপুর ।

নোটিশ

স্মারক নং- ৩২.০১.২৭১৭.০০০.১৮.০০১.২৫-৩৬(২) তারিখ: ১৩/০৩/২০২৫ খ্রিঃ

আগামী ১৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার বিকাল ৩.০০ ঘটিকায় উপজেলা স্থায়ী মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভা উপজেলা নির্বাহী অফিসার,বিরল,দিনাজপুর মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভার একজন সম্মানিত সদস্য হিসেবে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(রুনা পারভীন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বিরল, দিনাজপুর।

প্রাপক,

.........................................

.........................................

সদয় জ্ঞাতার্থেঃ
০১। উপজেলা নির্বাহী অফিসার, বিরল,দিনাজপুর।
০২। অফিস নথি।

## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির সদস্যবৃন্দের উপস্থিতির হাজিরাঃ

তারিখঃ ২৭।০৬।২০২৫ খ্রিঃ

| ক্রঃনং | গদস্যগণের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব ইশতিয়াক আহমেদ<br>উপজেলা নির্বাহী অফিসার(ভাঃপ্রাঃ)<br>বিরল,দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান,০৮নং ইউ,পি,<br>বিরল,দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান,০৯নং ইউ,পি,<br>বিরল,দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান,১০নং ইউ,পি,<br>বিরল,দিনাজপুর। | সদস্য | |
| ০৫ | মহিলা সদস্য সংরক্ষিত ৩ নং ওয়ার্ড<br>০৮নং ধর্মপুর ইউনিয়ন | সদস্য | |
| ০৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,<br>বিরল, দিনাজপুর। | সদস্য সচিব | |

উপজেলা পরিষদ, মহিলা ও শিশু উন্নয়ন কমিটির মার্চ/২০২৫ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ইশতিয়াক আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার(ভাঃপ্রাঃ) বিরল,দিনাজপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম।
তারিখ ঃ ১৭/০৩/২০২৫খ্রিঃ
সময় ঃ ৩.০০ঘটিকা।
সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের হাজিরা নথিতে সংরক্ষিত।

আলোচ্য বিষয়ঃ
০১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২) মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় উপকারভোগী নির্বাচন সম্পর্কে আলোচনা।
০৩) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ও ইভটিজিং বিষয়ে সচেতনতামূলক সভার ব্যবস্থা করা।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সভার আলোচ্য বিষয় সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং এতে কারও কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হয় এবং আজকের আলোচ্য বিষয় সভায় উপস্থাপন করেন এবং বলেন যে, বিরল উপজেলায় ১২টি ইউনিয়ন ও বিরল পৌরসভায় মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতিমাসে ০৯ জন করে ভাতাভোগী নির্বাচিত হচ্ছে। কিন্তু কিছু কিছু ইউনিয়ন হতে নির্দিষ্ট সময় তালিকা পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে সংশ্লিষ্ট চেয়ারম্যানদেরকে পত্র প্রেরণ করা হয়েছে। এবং উপজেলা সমন্বয় কমিটির সভায় আলোচনা করা হয়েছে। নির্দিষ্ট সময় তালিকা না পাওয়ার উপজেলা কমিটি হতে ভাতাভোগী যাচাই বাছাই করে অনুমোদন দেওয়া সম্ভব হচ্ছে না। সদস্য সচিব আরও বলেন যে, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ও ইভটিজিং বিষয়ে নিয়মিত সচেতনতামূলক সভা ও উঠান বৈঠক করা হচ্ছে। সভাপতি মহোদয় বলেন যে, সময়মত তালিকা প্রেরণের বিষয়ে চেয়ারম্যানদেরকে আবারও একটি পত্র প্রেরণ করেন। এরপর সঠিক সময় কোন ইউনিয়নের তালিকা না পেলে সেই ইউনিয়ন বাদ দিয়ে অনুমোদন দেওয়া হবে। বিভাগীয় সকল কার্যক্রমের উপকারভোগীদের মাঝে বাল্য বিবাহ ও নারী নির্যাতন বিষয়ে আইনি সহায়তা সম্পর্কে সবাইকে অবহিত করতে হবে।

সভায় বিশেষ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

১৭/০৩/২৫
(ইশতিয়াক আহমেদ)
সভাপতি
উপজেলা পরিষদ মহিলা বিষয়ক অধিদপ্তরের মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
ও
উপজেলা নির্বহী অফিসার(ভাঃপ্রাঃ),বিরল,দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বিরল,দিনাজপুর।

স্মারক নং-৩২.০১.২৭১৭.০০০.১৮.০০১.২৫- ৬৪(১)

তারিখঃ ১৭/০৩/২০২৫ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
০১। উপজেলা নির্বাহী অফিসার,বিরল,দিনাজপুর।
০২। চেয়ারম্যান,..........................................ইউ,পি, বিরল,দিনাজপুর।
০৩। মহিলা ওয়ার্ড সদস্য...................................................ইউ,পি,বিরল,দিনাজপুর।
০৪। অফিস নথি।

১৭/৩/২৫
(রুনা পারভীন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বিরল,দিনাজপুর।